

দৈনিক ইত্তেফাক

তারিখ ২ ৩ ১০ ১৯৫১
পৃষ্ঠা ২ ... কলাম ৪ ...

দৈনিক ইত্তেফাক



76

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আজ
হইতে অবিরাম ধর্মঘট**

চট্টগ্রাম অফিস ॥ সর্বদলীয় ছাত্রশ্রমিক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা আজ (শনিবার) হইতে বিশ্ববিদ্যালয়ে লাগাতার ছাত্র ধর্মঘট পালনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। সর্বদলীয় ছাত্রশ্রমিক নেতৃবৃন্দ চাকরু ভিপি নাজিম উদ্দিন, জি,এস, আজিম উদ্দিন, মনজুর আলম শাহীন প্রমুখ এক যুক্ত বিবৃতিতে গতকাল (শুক্রবার)

বলেন, ফারুক হত্যাকারীদের থেকেতার ৬৩ জন শো-কজপ্রাপ্ত সন্ত্রাসীকে বহিকার ভিসি'র বাসভবনে হামলাকারীদের ব্যাপারে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ না করা পর্যন্ত অনিদিষ্ট কালের জন্য ছাত্র ধর্মঘট অব্যাহত থাকিবে। ছাত্রশ্রমিক নেতৃবৃন্দ পৃথক অপর এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের (১ম পৃঃ ৬-এর কঃ প্রঃ)

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
(১ম পৃঃ পর)**

গাড়ী ভাংচুরসহ ব্যাপক ক্ষয়ক্ষতির জন্য শিবিরের সন্ত্রাসীদের দায়ী করিয়া বিশ্ববিদ্যালয় তথা জাতীয় সম্পদ রক্ষার দাবী জানাইয়াছে।

অপরদিকে ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হামিদুর রহমান আজাদ এবং সম্পাদক রেজাউল করিম গতকাল (শুক্রবার) এক বিবৃতিতে বিভিন্ন পত্রিকায় শিবির কর্তৃক ভিসি'র বাসভবনে, শিক্ষকদের উপর হামলার খবর বানোয়াট ও মিথ্যা বলিয়া আখ্যায়িত করিয়াছে।

পত্রিকা হইতে অবশ্যই পৃথক পৃথক এবং
ইন্ডেন্ট বেজিষ্টারে অঙ্কিত করণ হইবে।

সংকলক